

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ঢাকা সেনানিবাস
www.dmlc.gov.bd

স্মারক নং- ২৩.২২.০০০০.০১১.৩১.৩৬৪.২৪- ৩২২

তারিখ: ২৪ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২৪ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: স্ত্রীর উন্নত চিকিৎসার জন্য বহির্বাংলাদেশ (ভারত) গমনের অনুমতিসহ (অর্জিত) ছুটি মঞ্জুরকরণ।


সূত্র: জনাব সাহিদুর রহমান, উচ্চমান সহকারী, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস এর ১৩-০২-২০২৪ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাসের উচ্চমান সহকারী জনাব সাহিদুর রহমান-কে স্ত্রীর উন্নত চিকিৎসার জন্য বহির্বাংলাদেশ (ভারত) গমনের অনুমতিসহ তাঁর অনুকূলে ২৭-০২-২০২৪ হতে ২৭-০৩-২০২৪ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে মোট ৩০ (ত্রিশ) দিন পূর্ণগড় বেতনে বহির্বাংলাদেশ (অর্জিত) ছুটি নিম্নোক্ত শর্তে মঞ্জুর করা হলো:

শর্তাবলীঃ

- এ ভ্রমণে বাংলাদেশ সরকার/এ অধিদপ্তরের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- ছুটিকালীন সময়ে তিনি বাংলাদেশী মুদ্রায় বেতন-ভাতাদি গ্রহণ করবেন;
- এ ভ্রমণের যাবতীয় ব্যয়ভার বর্ণিত কর্মচারী ব্যক্তিগত আয়ের উৎস থেকে বহন করবেন;
- যে মঞ্জুরকৃত ছুটির অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করা যাবেনা এবং ছুটি বর্ধিত করণের আবেদন গ্রহণযোগ্য হবে না;
- ছুটি শেষে বর্ণিত কর্মচারী নিজ কর্মস্থলে যোগদানপূর্বক এ অধিদপ্তরকে অবহিত করবেন;
- বর্ণিত কর্মচারীর সার্ভিস বুক উক্ত ছুটির হিসাব লিপিবদ্ধ করতে হবে;
- এ ছুটি ভোগের ক্ষেত্রে বিএসআর পার্ট-১ এর বিধি-২৩৪ এর পরিশিষ্ট ৮ এর ক্লাজ ৩৪ নং বিধান প্রযোজ্য হবে এবং
- অনুমোদিত বহির্বাংলাদেশ ছুটি ব্যতীত অতিরিক্ত ছুটি ভোগ করলে বিধি মোতাবেক তাঁর বেতন কর্তন করা হবে।

জনাব সাহিদুর রহমান
উচ্চমান সহকারী
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস।


২৪.৩.২৪
(আসমা মোজাম্মেল)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন : ৮৭১৫৬৯৫
E-mail: adadmn@dmlc.gov.bd

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ইমিগ্রেশন অফিসার
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম/
ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দর, সিলেট/বেনাপোল স্থলবন্দর, যশোর/বুড়িমারী স্থলবন্দর, লালমনিরহাট/
তামাবিল স্থলবন্দর, সিলেট/ সোনা মসজিদ স্থলবন্দর, চাঁপাইনবাবগঞ্জ/ভোমরা স্থলবন্দর, সাতক্ষীরা/
দর্শনা স্থলবন্দর, চুয়াডাঙ্গা/হিলি স্থলবন্দর, দিনাজপুর/বাংলাবান্দা স্থলবন্দর, পঞ্চগড়/
বিবির বাজার স্থলবন্দর, কুমিল্লা/টেকনাফ স্থলবন্দর, কক্সবাজার।
- হিসাব রক্ষণ কর্মকর্তা, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস।
[ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- পিএ টু ডিজি, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস।
[মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]